

# EDUTOUCH COACHING INSTITUTE

(A Unit of Edutouch Welfare Foundation, Registered Under Govt. of India)

সরকারি চাকরির প্রস্তুতির এক নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Weekly Current Affairs – 07<sup>th</sup> - 13<sup>th</sup> Oct' 2025

## জাতীয় ঘটনাবলি

1. ভারতের প্রথম সম্পূর্ণভাবে ডিজিটাল বিমানবন্দর উদ্বোধন হলো নবী মুম্বাইয়ে। অটোমেটেড এআই যুক্ত বিমানবন্দর ফিটিং। ডিজিটালি প্রি বুকিং গাড়ি স্লট, অনলাইন ব্যাগেজ ড্রপ ও অধিবাসন পরিষেবাও ডিজিটালভাবে।
2. ভারতের প্রথম Cooperative Multi-Feed Compressed Biogas (CBG) Plant উদ্বোধন করা হল মহারাষ্ট্রের অহিল্যানগরের কোপারগাঁওয়ে।
3. Advanced Underwater Drone-এর জন্য EyeROV-এর সাথে 47 কোটি টাকার চুক্তি স্বাক্ষর করল ভারতীয় নৌবাহিনী।
4. ICAO Council-এর Part II-এ পুনঃনির্বাচিত হল ভারত। ICAO- International Civil Aviation Organization, এটি জাতিসংঘের বেসামরিক বিমান চলাচল সংস্থা। এটি 36 টি সদস্য রাষ্ট্রের সমন্বয়ে গঠিত, সদস্যরা তিন বছরের মেয়াদের জন্য পরিষদ দ্বারা নির্বাচিত হয় এবং পরিষদের অধিবেশনগুলির মধ্যে কূটনৈতিক এবং প্রযুক্তিগত সিদ্ধান্ত গ্রহণ করে।
5. দেশের পেমেন্ট সিস্টেমের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণের জন্য 6 জন সদস্যের একটি Payments Regulatory Board গঠন করল RBI। এটি পূর্ববর্তী বোর্ড ফর রেগুলেশন অ্যান্ড সুপারভিশন অফ পেমেন্ট অ্যান্ড সেটেলমেন্ট সিস্টেমস (BPSS)-এর স্থলাভিষিক্ত। এই বোর্ডের চেয়ারপার্সন হবেন RBI গভর্নর, পেমেন্ট এবং সেটেলমেন্ট সিস্টেমের দায়িত্বে থাকা ডেপুটি গভর্নর,
6. পেমেন্ট এবং সেটেলমেন্ট সিস্টেমের দায়িত্বে থাকা একজন নির্বাহী পরিচালক, কেন্দ্রীয় সরকার কর্তৃক মনোনীত তিনজন সদস্য থাকবেন। RBI-এর প্রধান আইনি উপদেষ্টা এই বোর্ডের বৈঠকে স্থায়ী আমন্ত্রিত ব্যক্তি হলেন।
7. সম্প্রতি Biomedical Research Career Programme (BRCP)-এর Phase III-এর অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা।
8. ভারতের প্রথম Private Helicopter Final Assembly Line (FAL) উন্মোচিত হল কর্ণাটকের ভেমাগালে। টাটা অ্যাডভান্সড সিস্টেমস লিমিটেড (TASL) দ্বারা Airbus H125 হেলিকপ্টার তৈরির জন্য এই ইউনিট স্থাপন করা হচ্ছে।
9. সম্প্রতি ভারতীয় শিল্পী এ. রামচন্দ্রনের প্রতি উৎসর্গীকৃত একটি জাদুঘর উদ্বোধন করা হল কেরালার কোল্লামের শ্রী নারায়ণ গুরু সাংস্কৃতিক কেন্দ্রে। এটি কেরালা সরকার, কেরালা ললিতাকলা একাডেমি এবং শিল্পীর পরিবারের একটি যৌথ উদ্যোগ।
10. মহারাষ্ট্রের Navi Mumbai International Port-এর আনুষ্ঠানিক নাম ঘোষণা করা হল Loknete Dinkar Balu (DB) Patil Navi Mumbai International Airport.
11. ছত্রিশগড়ের কোরবায় তাদের প্রথম সম্পূর্ণ মহিলা-পরিচালিত সেন্ট্রাল স্টোর ইউনিট চালু করল Coal India. ইউনিটটি আটজন মহিলা কর্মকর্তা এবং কর্মী দ্বারা পরিচালিত হবে এবং খুচরা যন্ত্রাংশ সরবরাহ এবং ইনভেন্টরি ব্যবস্থাপনা করা হবে এই ইউনিট থেকে।
12. Traveller Feedback-এর জন্য কেন্দ্রীয় পর্যটন মন্ত্রকের সাথে পার্টনারশিপ করল Thomas Cook India.
13. রাজস্থানের আলওয়ারে প্রথম Namo Biodiversity Park উদ্বোধন করা হল।
14. ভারতের পশ্চিম উপকূলে ভারত-যুক্তরাজ্যের মধ্যে দ্বিপাক্ষিক নৌ মহড়া 'KONKAN-25' পরিচালিত হচ্ছে।
15. United Nations Troop Contributing Countries' (UNTCC) Chiefs' Conclave 2025 অনুষ্ঠিত হবে নিউ দিল্লীতে।
16. লাদাখে 19,400 ফুট উচ্চতায় বিশ্বের সর্বোচ্চ মোটরযান চলাচলের রাস্তা তৈরি করল বর্ডার রোড অর্গানাইজেশন।
17. 4 টি রাজ্যে 894 কিলোমিটার এলাকায় 24,634 কোটি টাকার Railway Project poling অনুমোদন করল কেন্দ্রীয় অর্থনৈতিক বিষয়ক মন্ত্রিসভা। মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, গুজরাট এবং ছত্তিশগড়ের 18টি জেলা জুড়ে চারটি মাল্টি-ট্র্যাকিং প্রকল্প নির্মিত হবে। 2030-31 সালের মধ্যে এই প্রকল্পগুলি তৈরি হবে।
18. পুরীতে "Gyana Yagnya Mandap" নামে একটি ডিজিটাল লাইব্রেরি স্থাপন করবে ওড়িশা সরকার।
19. দিল্লীতে 8th International Solar Alliance Assembly হোস্ট করবে ভারত।

## আন্তর্জাতিক ঘটনাবলি

1. জাপানের প্রথম মহিলা প্রধানমন্ত্রী হিসেবে নিযুক্ত হতে চলেছেন Sanae Takaichi. তিনি লিবারেল ডেমোক্রেটিক পার্টির (LDP) সদস্য, 2025 রাষ্ট্রপতি নির্বাচনে জয়ী হয়েছেন।
2. Interstellar Mapping and Acceleration Probe (IMAP) Mission লঞ্চ করল NASA.
3. 11th World Green Economy Summit অনুষ্ঠিত হতে চলেছে দুবাইয়ে ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে। 30 টিরও বেশি দেশ থেকে 3,300 জনেরও বেশি অংশগ্রহণকারী এই বৈঠকে অংশগ্রহণ করেছেন। জল, জ্বালানি, প্রযুক্তি এবং পরিবেশ প্রদর্শনী (WETEX 2025) এর সাথে যৌথভাবে অবস্থিত, এই শীর্ষ সম্মেলনটি নেট-জিরো লক্ষ্য অর্জন এবং সবুজ রূপান্তরকে এগিয়ে নেওয়ার জন্য সহযোগিতামূলক প্রচেষ্টার উপর কাজ করবে।
4. দীপাবলিকে রাষ্ট্রীয় ছুটি হিসেবে ঘোষণা করল ক্যালিফোর্নিয়া।
5. 42nd ICAO Assembly Session অনুষ্ঠিত হল কানাডার মন্ট্রিয়লে।

6. World Social Security Forum (WSSF) 2025 অনুষ্ঠিত হলো মালয়েশিয়ার কুয়ালালামপুরে।
7. মাদাগাস্কারের নতুন প্রধানমন্ত্রী হিসেবে নিযুক্ত হলেন Ruphin Fortunat Zafisambo. (মাদাগাস্কারের রাজধানীর নাম Antananarivo)।
8. দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রথম Coral Cryobank চালু করল ফিলিপাইন।

## নিয়োগ

1. বর্ডার সিকিউরিটি ফোর্স (BSF)-এর প্রথম মহিলা ফ্লাইট ইঞ্জিনিয়ার হিসেবে নিযুক্ত হলেন ভাবনা চৌধুরী। তাঁর হাতে নিয়োগের শংসাপত্র এবং ফ্লাইং ব্যাজ তুলে দেন বিএসএফের ডিরেক্টর জেনারেল দলজিত সিং চৌধুরী। (\*\*\*1965 সালে BSF গঠন করা হয়েছিল, পাকিস্তান এবং বাংলাদেশের সঙ্গে ভারতের সীমান্ত রক্ষার দায়িত্বে নিয়োজিত BSFI)
2. National Cadet Corps (NCC)-এর ডিরেক্টর জেনারেল হিসেবে দায়িত্ব নিলেন লেফটেন্যান্ট জেনারেল বীরেন্দ্র ভট্টাচার্য।
3. Capgemini India-এর নতুন CEO হিসেবে নিযুক্ত হলেন সঞ্জয় চালকে।
4. College of Defence Management (CDM), Secunderabad-এর কমান্ড্যান্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন মেজর জেনারেল জি. শ্রীনিবাস।
5. Commerce Secretary হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন সিনিয়র IAS অফিসার রাজেশ আগরওয়াল।
6. Defence Estates-এর ডিরেক্টর জেনারেল হিসেবে দায়িত্ব গ্রহণ করলেন শোভা গুপ্ত।
7. Assam's Bodoland Territorial Council (BTC)-এর Chief Executive Member (CEM) হিসেবে শপথ নিলেন BPF প্রেসিডেন্ট হাগ্রামা মোহিলারি।
8. Viksit Bharat Buildathon 2025-এর ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে নিযুক্ত হলেন গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা।

## পুরস্কার

1. Expanding Social Security Coverage-এর জন্য ISSA Award-এ সম্মানিত হল ভারত। (ISSA - International Social Security Association)। কেন্দ্রীয় সরকারের ই-শ্রম পোর্টাল-কে স্বীকৃতি দিতে এই পুরস্কার প্রদান করা হয়েছে। এই পোর্টাল 31 কোটিরও বেশি অসংগঠিত শ্রমিককে সামাজিক নিরাপত্তা পরিষেবার সাথে সংযুক্ত করেছে।
2. Tamil Nadu Scientist Award (TANSA) 2022-এ ভূষিত হলেন (TANSA) 2022-Bharathidasan University (BDU)-এর সামুদ্রিক বিজ্ঞান বিভাগের অধ্যাপক এবং চেয়ারম্যান ড. আর. আর্থার জেমস।

## নোবেল পুরস্কার 2025

1. মেডিসিনে নোবেল পুরস্কার পাচ্ছেন Mary E. Brunkow, Fred Ramsdell এবং Shimon Sakaguchi. তাঁদেরকে এই পুরস্কার দেওয়া হয়েছে "পেরিফেরাল ইমিউন টলারেন্স" (peripheral immune tolerance) সংক্রান্ত যুগান্তকারী আবিষ্কারের জন্য, যা ব্যাখ্যা করে কীভাবে রোগ প্রতিরোধ ব্যবস্থা শরীরকে আক্রমণ না করে নিজস্ব অঙ্গকে রক্ষা করে। সুইডেনের ক্যারোলিনস্কা ইনস্টিটিউটের নোবেল অ্যাসেম্বলি তাঁদের যৌথভাবে এই পুরস্কার প্রদান করে।
2. পদার্থ বিজ্ঞানে নোবেল পুরস্কার পাচ্ছেন John Clarke, Michel H. Devoret এবং John M. Martinis. কোয়ান্টাম পদার্থবিদ্যার কার্যকারিতা প্রকাশকারী পরীক্ষা-নিরীক্ষা"র জন্য তারা পুরস্কৃত হয়েছেন, যা এই আবিষ্কার পরবর্তী প্রজন্মের ডিজিটাল প্রযুক্তির বিকাশের পথ প্রশস্ত করে।
3. রসায়ন বিভাগে নোবেল পেলেন বিজ্ঞানী সুসুমু কিটাগাওয়া, বিজ্ঞানী রিচার্ড রবসন এবং বিজ্ঞানী ওমর এম ওয়াঘি। মেটাল অর্গানিক ফ্রেমওয়ার্ক (MOF) অর্থাৎ জৈব ধাতব কাঠামো নির্মাণ সংক্রান্ত গবেষণায় সাফল্যের নিরিখে তাদেরকে পুরস্কৃত করেছে সুইডেনের রয়েল সুইডিস একাডেমী। নোবেল কমিটি জানিয়েছে, এই তিনজন বিজ্ঞানী এমন এক ধরনের ধাতব জৈব কাঠামো তথা মেটাল অর্গানিক ফ্রেমওয়ার্ক (MOF) তৈরি করেছেন যেখানে অনুগুলির মধ্যে বড় ধরনের ফাঁকা রয়েছে আর ওই ফাঁকা জায়গার মধ্য দিয়ে গ্যাস এবং অন্যান্য রাসায়নিক পদার্থ, তরল প্রভৃতি প্রবাহিত হতে পারে। এই MOF-গুলি মরুভূমির বাতাস থেকে জল আহরণ, কার্বন-ডাই-অক্সাইড শোষণ ও বিষাক্ত গ্যাস সংরক্ষণের মতো কঠিন এবং জটিল কাজ করতে সক্ষম।
4. সাহিত্যে নোবেল পুরস্কার জিতলেন হাঙ্গেরির প্রথিতযশা সাহিত্যিক লাজলো ক্রাইজনাহরকাই। রয়েল সুইডিস একাডেমি কর্তৃক এই পুরস্কার ঘোষিত হয়েছে। প্রলয়ের বীভৎসতার মধ্যেও শিল্পের শক্তিকে স্বমহিমায় ফুটিয়ে তোলেন শিল্পী। তার সৃষ্টিকে মনমুগ্ধকর দূরদর্শী এবং অনন্য বলে আখ্যায়িত করেছেন নোবেল কমিটি। তাঁর লেখাগুলি হল- সটানটাঙ্গো, হার্শটি 07769, দ্য মেলানকলি অফ রেজিস্ট্যান্ট, ওয়ার এন্ড ওয়ার, এ মাউন্টেন টু দ্য নর্থ-এ লেক টু দ্য সাউথ- পাথস টু দ্য ওয়েস্ট- এ রিভার টু দ্য ইস্ট।
5. শান্তি পুরস্কার পেলেন মারিয়া করিনা মাচাদো। তিনি ভেনেজুয়েলার বিরোধী দলীয় নেতা এবং সুমাতের প্রতিষ্ঠাতা, তিনি অবাধ ও সুষ্ঠু নির্বাচনের পক্ষে কথা বলার জন্য পরিচিত। প্রথম ভেনেজুয়েলার নাগরিক হিসেবে তিনি এই পুরস্কার পেলেন। নোবেল কমিটি তাঁকে গণতন্ত্র ও শান্তির বিশ্বব্যাপী আইকন হিসেবে গণ্য করেছে। "গণতান্ত্রিক অধিকারের প্রচারে অক্লান্ত পরিশ্রম" এবং পরিবর্তনের জন্য একটি শান্তিপূর্ণ আন্দোলনের নেতৃত্ব দেওয়ার জন্য তাঁকে সম্মানিত করা হল।

6. অর্থনীতিতে নোবেল পেলেন জোয়েল মোকির, ফিলিপ অ্যাঘিয়ন এবং পিটার হাউইট। আলফ্রেড নোবেলের স্মরণে অর্থনীতিতে 2025 সালের সেভেরিজেস রিস্কব্যাক্স পুরস্কার আমেরিকান-ইসরায়েলি অর্থনৈতিক ইতিহাসবিদ জোয়েল মোকির, ফরাসি অর্থনীতিবিদ ফিলিপ অ্যাঘিয়ন এবং কানাডিয়ান অর্থনীতিবিদ পিটার হাউইটকে দেওয়া হয়েছে। "উদ্ভাবন-চালিত অর্থনৈতিক প্রবৃদ্ধি ব্যাখ্যা করার জন্য" তাদের সম্মানিত করা হয়েছে। মোকির \$10 কোটি টাকার পুরস্কারের অর্ধেক পাবেন, আর অ্যাঘিয়ন এবং হাউইট বাকি অর্ধেক ভাগ করে নেবেন।

### দিন/থিম

1. World Cotton Day পালন করা হয় 7 অক্টোবর; 2025 থিম হল-"Cotton 2040: Technology, Climate & Competitiveness".
2. ভারতীয় বায়ুসেনা প্রতিষ্ঠা দিবস পালন করা হয় 8 অক্টোবর। এ বছর 93তম প্রতিষ্ঠা দিবস পালিত হল। (1932 সালে ভারতীয় বায়ু সেনা গঠিত হয়)।
3. বিশ্ব ডাক দিবস পালন করা হয় 9 অক্টোবর; 2025 থিম হল - "#PostForPeople: Local Service. Global Reach."
4. বিশ্ব মানবিক স্বাস্থ্য দিবস পালন করা 10 অক্টোবর; 2025 থিম হল- "Access to Services - Mental Health in Catastrophes and Emergencies".
5. আন্তর্জাতিক কন্যা শিশু দিবস পালন করা হয় 11 অক্টোবর; 2025 থিম হল- "The girl I am, the change I lead: Girls on the frontlines of crisis".
6. বিশ্ব বাসস্থান দিবস পালিত হয় প্রতি বছর অক্টোবর মাসের প্রথম সোমবার।

### খেলাধুলা

1. সম্প্রতি প্রকাশিত ICC T20I Ranking-এ প্রথম এবং এখনও পর্যন্ত সর্বোচ্চ রেটিং প্রাপ্ত স্থানে রয়েছেন অভিষেক শর্মা। 931 রেটিং পেয়েছেন।
2. অন্ধ্রপ্রদেশের গুন্টুরে অনুষ্ঠিত 62nd National Chess Championship 2025 জিতলেন তামিলনাড়ুর গ্র্যান্ডমাস্টার পনিরসেলভম ইনিয়ান। তিনি টাইব্রেকারে গৌতম কৃষ্ণকে হারিয়ে তাঁর প্রথম জাতীয় খেতাব অর্জন করলেন।
3. World Weightlifting Championships 2025-এ রৌপ্য পদক জিতলেন মীরাবাই চানু।
4. BWF World Junior Championships 2025 অনুষ্ঠিত হচ্ছে গুয়াহাটিতে।
5. 27 সেপ্টেম্বর থেকে 5 অক্টোবর নিউ দিল্লির জহরলাল নেহরু স্টেডিয়ামে আয়োজিত 12তম সংস্করণ World Para Athletics Championships 2025-এ 22 টি পদক (6 টি স্বর্ণ, 9 টি রৌপ্য, 7 টি ব্রোঞ্জ) জিতেছে ভারত।
6. 93 রানে অবশিষ্ট ভারত দল-কে পরাজিত করে 2025-26 ইরানি কাপ টাইটেল জিতল বিদর্ভ। (ইরানি কাপ হল BCCI দ্বারা আয়োজিত একটি বার্ষিক একক প্রথম-শ্রেণীর ক্রিকেট ম্যাচ, প্রতি মরসুমে রঞ্জি ট্রফি চ্যাম্পিয়নরা এবং অন্যান্য রাজ্য দলের খেলোয়াড়দের নিয়ে গঠিত একটি বহু-রাষ্ট্রীয় দল প্রতিদ্বন্দ্বিতা করে।)
7. English Premier League (EPL) India-এর অফিশিয়াল অ্যাম্বাসেডর হিসেবে নিযুক্ত হলেন ভারতীয় ক্রিকেটার সঞ্জু স্যামসন।
8. Singapore Grand Prix 2025 জিতলেন George Russell.

### প্রকল্প/পরিষেবা

1. গোয়াতে "Mhaje Ghar" প্রকল্পের উদ্বোধন করলেন কেন্দ্রীয় অমিত শাহ। এই প্রকল্পে সরকারি ও সম্প্রদায়ের জমিতে নির্মিত বাড়িগুলিকে নিয়মিতকরণ এবং দীর্ঘমেয়াদী বাসিন্দাদের মালিকানা অধিকার প্রদান করা হবে।

### বাণিজ্য এবং অর্থ ব্যবস্থা

1. ভারতে ডিজিটাল লেনদেন সহজ করতে 'Payments ka A to Z' নামে নতুন একটি UPI অ্যাপ লঞ্চ করল Amazon Pay. একাধিক পেমেন্ট মোড - UPI, ক্রেডিট এবং ডেবিট কার্ড, Amazon Pay Balance এবং Amazon Pay Later - কে একটি একক প্ল্যাটফর্মে একত্রিত করেছে। এই আপডেটের লক্ষ্য ভারতীয় ব্যবহারকারীদের জন্য পেমেন্ট, বিল ব্যবস্থাপনা এবং পুরস্কার ট্র্যাকিং সহজ করা। আপগ্রেড করা ইন্টারফেসে বিল, সাবস্ক্রিপশন এবং বীমা পেমেন্টের জন্য একটি ইউনিফাইড ড্যাশবোর্ড অন্তর্ভুক্ত রয়েছে, এর মধ্যে অটো-পে এবং রিমাইন্ডারের মতো বৈশিষ্ট্য রয়েছে।
2. নিউ দিল্লীতে NIELIT Digital University (NDU) প্ল্যাটফর্ম উদ্বোধন করলেন কেন্দ্রীয় মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব।
3. ভারতের বায়োটেক স্টার্টআপ ইকোসিস্টেমকে শক্তিশালী করতে Thermo Fisher Scientific-এর সাথে MoU স্বাক্ষর করল Department for Promotion of Industry and Internal Trade (DPIIT). [DPIIT- কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রকের অধীনস্থ সংস্থা।]
4. ভারতের প্রথম UPI-Based Gold-Backed Credit Line লঞ্চ করবে Axis Bank. এর জন্য Freecharge-এর সাথে পার্টনারশিপ করল ব্যাংক।
5. Gold Exchange-Traded Funds Globally- এর বিচারে বিশ্বব্যাপী সপ্তম বৃহত্তম বিনিয়োগকারী দেশ হয়ে উঠেছে ভারত।

## অ্যাপ/পোর্টাল

1. যুব ক্ষমতায়নের জন্য MY Bharat Mobile App লঞ্চ করলেন কেন্দ্রীয় মন্ত্রী মনসুখ মান্দাভিয়া। মাই ভারত মোবাইল অ্যাপটি তরুণদের জন্য বিভিন্ন সুবিধা প্রদান করে, যেমন - স্বেচ্ছাসেবক, ইন্টার্নশিপ, পরামর্শদাতা এবং অভিজ্ঞতামূলক শিক্ষার জন্য যাচাইকৃত সুযোগগুলিতে মোবাইল-ভিত্তিক অ্যাক্সেস। যুব সাফল্য তুলে ধরার জন্য ডিজিটাল ব্যাজ, সার্টিফিকেট এবং ব্যক্তিগতকৃত প্রোফাইলের মাধ্যমে স্বীকৃতি প্রদান করে।
2. গবেষণাকে সহজ এবং সহজলভ্য করতে 'SARAL' নামক একটি টুল লঞ্চ করলো Anusandhan National Research Foundation (ANRF). (SARAL-Simplified and Automated Research Amplification and Learning).

## বই ও লেখক

1. "They Will Shoot You, Madam: My Life Through Conflict" শিরোনামে স্মৃতিকথা প্রকাশ করলেন সাংবাদিক হরিন্দর বাওয়েজা। তিনি অপারেশন ব্লু স্টার, 26/11 হামলা এবং কাশ্মীর ও পাকিস্তানের সংঘাতের উপর রিপোর্ট করেছিলেন।

## বিবিধ

1. 2023 NCRB-এর রিপোর্ট অনুযায়ী ভারতের সবচেয়ে নিরাপদ শহর হল কলকাতা।
2. Hurun India Rich List 2025-এর শীর্ষে রয়েছেন ভারতীয় শিল্পপতি ও রিলায়েন্স গ্রুপের কর্ণধার মুকেশ আম্বানি।
3. 2025 সালে, তেলেঙ্গানার বাথুকাম্মা উৎসব দুটি গিনেস ওয়ার্ল্ড রেকর্ড স্থাপন করল। প্রথমটি, বৃহত্তম বাথুকাম্মা ফুলের সাজসজ্জার জন্য, এটির ওজন প্রায় সাত টন এবং উচ্চতা 63.11 ফুট এবং দ্বিতীয়টি, বৃহত্তম সমন্বিত পরিবেশনার জন্য, যেখানে 1354 জন মহিলা অংশগ্রহণ করেছিলেন। হায়দ্রাবাদের সারুরনগর স্টেডিয়ামে এই অনুষ্ঠান আয়োজিত হয়েছিল।
4. Google Maps-এ সিঙ্গাপুরের St. John's Island-এর নাম পরিবর্তন করে রাখা হল "Zubeen Garg Island". সম্প্রতি প্রয়াত ভারতীয় গায়ক জুবিন গর্গের নামানুসারে এই নাম রাখা হয়েছে।

## মৃত্যু বার্তা

1. সম্প্রতি 100 বছর বয়সে মারা গেলেন বিখ্যাত গান্ধীবাদী, সমাজতান্ত্রিক এবং স্বাধীনতা সংগ্রামী জি.জি. পারিখ।
2. সম্প্রতি 89 বছর বয়সে মারা গেলেন পদ্মবিভূষণ পুরস্কারপ্রাপ্ত হিন্দুস্তানি শাস্ত্রীয় কণ্ঠশিল্পী পণ্ডিত ছান্নুলাল মিশ্র।